# ৫ সেপ্টেম্বর ঢাকা-চট্টগ্রাম লংমার্চের ঘোষণা দিলেন জামায়াত আমির




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জনগণের অধিকার প্রতিষ্ঠার দাবিতে আগামী ৫ সেপ্টেম্বর ঢাকা থেকে চট্টগ্রাম পর্যন্ত লংমার্চ কর্মসূচির ঘোষণা দিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

বৃহস্পতিবার (৬ আগস্ট) রাজধানীর মুক্তাঙ্গণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি, বিদ্যুৎ বিল বৃদ্ধি এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে ১১ দলের আয়োজিত অবস্থান কর্মসূচিতে তিনি এ ঘোষণা দেন।

ডা. শফিকুর রহমান বলেন, ঘোষিত লংমার্চ কর্মসূচিতে কোনো ধরনের বাধা এলে তা মোকাবিলা করেই কর্মসূচি সফল করা হবে। একই সঙ্গে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণ এবং অতিরিক্ত বিদ্যুৎ বিল প্রত্যাহারের দাবি জানান তিনি।

LENS ASIA

সমাবেশে বক্তব্য দেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামও। তিনি অভিযোগ করেন, সরকার জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হচ্ছে এবং গ্যাস, বিদ্যুৎসহ মৌলিক সেবা নিশ্চিত করতে না পারলে ক্ষমতায় থাকার নৈতিক ভিত্তি দুর্বল হয়ে পড়ে।

নাহিদ ইসলাম আরও অভিযোগ করেন, ছাত্রদল বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে প্রভাব বিস্তারের চেষ্টা করছে। পাশাপাশি জ্বালানি খাত ও নিত্যপণ্যের বাজার ব্যবস্থাপনা নিয়েও সরকারের সমালোচনা করেন তিনি। তার দাবি, বাজারে কৃত্রিম সংকট তৈরি করে পণ্যের দাম বাড়ানো হচ্ছে, যার প্রভাব সাধারণ মানুষকে বহন করতে হচ্ছে।